



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

তারিখ: ১৭.০৫.২০১৭ খ্রি:

## বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটির লোগো উন্মোচন

বরিশাল বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের উদ্যোগে এবং সংশ্লিষ্ট বিভাগের তত্ত্বাবধানে গঠিত বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটির লোগো উন্মোচিত হয়েছে। অদ্য ১৭ মে ২০১৭ তারিখ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নিচ তলায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এ লোগো উন্মোচন করেন। এ সময় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন, প্রযুক্তির উৎকর্ষ সাধনের মাধ্যমে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে হবে, আর এ লক্ষ্যে তোমরা যারা তরুন প্রজন্ম আছ তোমাদের দায়িত্ব হচ্ছে নতুন নতুন আইডিয়া উদ্ভাবনের মাধ্যমে প্রযুক্তিখাতে নিজেদের দক্ষতা ও যোগ্যতা প্রমাণ করা। একই সাথে প্রযুক্তির অপব্যবহারের বিষয়েও তোমাদেরকে সতর্ক থাকতে হবে। আর তাহলেই প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে আমাদের দেশ এগিয়ে যাবে এ প্রত্যাশা আমার। শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় আরও বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় আজ নানা কারণে আলোচিত, কেননা এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে বিজয়ী হয়ে নবীন এ বিশ্ববিদ্যালয়টির সুনাম বৃদ্ধিতে ব্রাড এম্বেসেডর হিসেবে কাজ করছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের এ অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। লোগো উন্মোচন শেষে উপাচার্য মহোদয় কেক কেটে বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটির ওয়েবসাইট আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন। এ সময় বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটির উদ্যোগে নির্মিত একটি ডকুমেন্টারিও উপভোগ করেন উপাচার্য মহোদয়। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে প্রক্টর, প্রভোস্টবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকমন্ডলী, ববি শিক্ষক সমিতির সভাপতি-সাধারণ সম্পাদক, বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটির নেতৃবৃন্দসহ সিএসই বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য ২০১৫ সালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের একবাঁক তরুন ও মেধাবী শিক্ষার্থীদের উদ্যোগে এবং সংশ্লিষ্ট বিভাগের সার্বিক সহযোগিতায় ক্ষুদ্র পরিসরে শুরু হওয়া বিইউ আইটি ক্লাব আজ বরিশাল ইউনিভার্সিটি আইটি সোসাইটিতে পরিণত হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সাল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)